

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৬৫
আগরতলা, ৪ জুলাই, ২০২৫

পশ্চিম দ্বারিকাপুরে মেগা দন্ত চিকিৎসা শিবির



ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রামের অধীন খোয়াই জেলার কল্যাণপুর সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের অধীনস্থ পশ্চিম দ্বারিকাপুর এলাকায় জাতীয় স্বাস্থ্য মিশনের সহায়তায় গত ৩০ জুন এক মেগা দন্ত চিকিৎসা শিবির অনুষ্ঠিত হয়। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ এবং ইন্ডিয়ান ডেন্টাল অ্যাসোসিয়েশন, ত্রিপুরা স্টেট ব্রাঞ্চ এর যৌথ উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। মুখ গহ্বরের স্বাস্থ্য সঠিক রাখা এবং মুখ গহ্বরের স্বাস্থ্যবিধি সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাই ছিল এই শিবিরের মূল লক্ষ্য।

এদিন উক্ত শিবিরে দন্ত চিকিৎসকগণ বিনামূল্যে মোট ২২৩ জনের দাঁতের বিভিন্ন পরিষেবা প্রদান করেন। এর মধ্যে ছিল দাঁতের অবস্থার পরিপ্রেক্ষিতে মুখ গহ্বরের স্বাস্থ্য পরীক্ষা, নষ্ট দাঁত তোলা, দাঁতের স্কেলিং করা, ওরাল প্রোফাইল্যাক্সিস, দাঁতের ক্ষয়ের জন্য লাইট কিউর ফিলিং, মুখ গহ্বরের ক্যান্সারের স্ক্রিনিং এবং উচ্চ-ঝুঁকিপূর্ণ (তামাক ব্যবহারকারী ব্যক্তিদের) স্ক্রিনিং। শিবিরে এদিন পরবর্তী উন্নত চিকিৎসার জন্য ৩ জন রোগীর বায়োপসি পরীক্ষার জন্য মুখ গহ্বরের নমুনা সংগ্রহ করা হয়। পাশাপাশি দন্ত চিকিৎসকগণ এদিন মুখ গহ্বরের স্বাস্থ্যবিধি সম্পর্কে রোগীদের কাউন্সেলিং করে উপযুক্ত পরামর্শ প্রদান করেন। এছাড়াও দন্ত চিকিৎসকগণ শিবিরে উপস্থিত রোগীদের মধ্যে নিয়মিত দাঁতের স্ক্রিনিং-এর গুরুত্ব, মুখ গহ্বরের যত্ন নেওয়া এবং মুখের ক্যান্সারের প্রাথমিক লক্ষণগুলি সম্পর্কে সচেতনতামূলক আলোচনা করেন। শিবিরের সকলের মধ্যে দাঁতের যত্নের বার্তা সম্বলিত লিফলেট প্রদান করা হয়। এই শিবিরে রাজ্যের বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রের পাশাপাশি সহ খোয়াই জেলার দন্ত চিকিৎসকগণ অংশগ্রহণ করেন। এরমধ্যে ডাঃ দীপ্তনু বিশ্বাস, ডাঃ শুভ্রজিৎ রায়, ডাঃ শুভজিৎ দাস, ডাঃ শান্তী দেববর্মা, ডাঃ কোশিক রঞ্জন দেব, ডাঃ লোকরাজ বণিক, ডাঃ সোয়েতা দাস এবং ডাঃ সজল নাথ প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
